দৈনিক জনকণ্ঠ

তারিখ ... NOV 0 1 1999 ...
পৃষ্ঠা ২ কলাম ৬ ......

11৪

# পূর্বনির্ধারিত বিভিন্ন পরীক্ষা সভা সেমিনার হরতালের কারণে স্থগিত বা পিছিয়েছে

**স্টাফ রিপোর্টার** ॥ বিরোধী দল আহূত আজকের হরতালের কারণে পিছিয়ে গেছে পূর্বনির্ধারিত নানা ধরনের অনুষ্ঠান। স্থগিত বা বাতিল করা হয়েছে সভা, সমাবেশ, সেমিনারের সময়সূচী। কিছু ক্ষেত্রে অনিশ্চিত হয়ে পড়েছে পিছিয়ে দেয়া বা স্থগিত অনুষ্ঠানের নতুন আয়োজন।

হরতালের জন্য প্রাথমিক থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় পর্যন্ত বিভিন্ন পর্যায়ের পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা সবচেয়ে বেশি আতঙ্কিত হয়ে পড়েছে। কারণ শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বিশেষ করে প্রাথমিক ও মাধ্যমিক স্কুলগুলো নবেম্বর ডিসেম্বর মাস নিয়ে বার্ষিক পরীক্ষার সময়সূচী তৈরি করে থাকে। এ বছরও যথারীতি তাই হয়েছে। কিন্তু বিরোধী দলগুলো এসব বিষয় বিবেচনায় না এনে রাজনৈতিক ফায়দা নেয়ার জন্য মাঠ গরমের উদ্দেশ্যে আজ সোমবারসহ এ মাসে একাধিক হরতাল দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এতে শিক্ষাপ্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষাই নয়, বিভিন্ন পর্যায়ের পরীক্ষার্থীদের মাঝে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

যেমন শুধুমাত্র আজকের একদিনের হরতালের জন্য স্থগিত করা হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা। এদিন দর্শন প্রথম বর্ষ, প্রাচ্যভাষা প্রথম বর্ষ, ইংরেজী বিভাগের এমএ প্রথম পর্ব, রাজনীতি-বিজ্ঞানের তৃতীয় বর্ষ, বাংলা বিভাগের এমএ শেষ পর্বের প্রথম পত্র পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু ওগুলো স্থগিত করা হয়েছে। স্থগিতকৃত দর্শন বিভাগের পরীক্ষা আগামীকাল মঙ্গলবার, রাজনীতি বিজ্ঞান ৩ নবেম্বর এবং বাংলা বিভাগের পরীক্ষা চার নবেম্বর অনুষ্ঠিত হবে। এছাড়া কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত প্রকৌশল ডিপ্লোমা শিক্ষাক্রমের এদিনের অনুষ্ঠিতব্য সকল পর্বের পরীক্ষা স্থগিত করা হয়েছে। সময়সূচীর অন্য পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠিত হবে।

পিছিয়ে গেছে চাকরির পরীক্ষা। যেমন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কেমি কৌশল, বস্তু ও ধাতব কৌশল, যন্ত্র কৌশল এবং আইপিই বিভাগের লেকচারার নিয়োগের সাক্ষাতকার পিছিয়ে দেয়া হয়েছে। এই ইন্টারভিউ আগামীকাল মঙ্গলবার বেলা দু'টায় অনুষ্ঠিত হবে।

থানা শিক্ষা অফিসার পদে মৌখিক পরীক্ষার তারিখ ছিল আজ সোমবার। কিন্তু এ তারিখ পরিবর্তন করে ১০ নবেম্বর সকাল ১০টায় সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয় ঢাকায় অনুষ্ঠিত হবে। ইনস্টিটিউট অব কস্ট এ্যান্ড ম্যানেজমেন্ট এ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ আয়োজিত "WTO and GATS implications" শীর্ষক আলোচনা স্থগিত করা হয়েছে। এর তারিখ পরে জানানো হবে। হংকং এ্যান্ড সাংহাই ব্যাংকের এটিএম সূচনা অনুষ্ঠানের সময় পৌনে ছ'টা থেকে সাড়ে ছ'টায় নেয়া হয়েছে।

এ রকম আরও নানা ধরনের সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান পিছিয়ে গেছে। আগামীতে ভেন্যুর অভাবে, কেউবা সময়ের অভাবে অনুষ্ঠানগুলো নতুনভাবে আয়োজন করতে পারবে না।